

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ হোক
সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মহাপরিদর্শকের দপ্তর
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০১.১৭.৪৮

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭
০৭ জুন ২০২০

বিষয়: কলকারখানাসমূহের শ্রমিক ছাঁটাই সংক্রান্ত।

সূত্র: ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি) এর ৬৪তম সভার কার্যবিবরণীর ১ নং সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, পবিত্র ঈদ উল ফিতর পরবর্তী সময়ে পোষাকখাতের কতিপয় মালিকগণ শ্রমিক ছাঁটাই করছেন। অত্র অধিদপ্তরের আওতাধীন ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয় হতে ঈদ পরবর্তী সময়ে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম শিল্প অধ্যুষিত এলাকার ৬৭টি কারখানা থেকে ১৭,৫৭৯ জন শ্রমিক ছাঁটাই করা হয়েছে। এর ফলে গত ১ জুন ২০২০ গাজীপুরের টঞ্জীস্থ তানাজ ফ্যাশন্স ও ভায়ালাটেক্স গার্মেন্টসের ২৪৫০ জন শ্রমিক ঢাক-ময়মনসিংহ সড়ক অবরোধ করে যা পরবর্তীতে স্থানীয় প্রশাসন, শিল্প পুলিশ ও অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের আপোষরফার ভিত্তিতে সাময়িকভাবে শ্রম অসন্তোষ নিরসন করা হয়। বর্তমানে বিভিন্ন শ্রমিক সংগঠন আবেদনসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সশরীরে হাজির হয়ে শ্রমিক ছাঁটাই বন্ধের জোর দাবী জানাচ্ছেন। উল্লেখ্য যে, গত ২৫ এপ্রিল ২০২০ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি) এর ৬৪তম সভার কার্যবিবরণীর ১ নং সিদ্ধান্ত অনুযায়ী বর্তমান পরিস্থিতিতে সার্বিক দিক বিবেচনায় শ্রমিক ছাঁটাই এবং কারখানা লে-অফ না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক শিল্পঘন এলাকায় শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে ছাঁটাই কার্যক্রম বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি) এর ৬৪তম সভার কার্যবিবরণী।

৭-৬-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮৩৯১৭৩১

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: ig@dife.gov.bd

সভাপতি

বিজিএমইএ

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০১.১৭.৪৮/১(১১০)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭
০৭ জুন ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
- ৪) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ৬) মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
- ৭) মহাপরিচালক, শিল্প পুলিশ, ঢাকা।
- ৮) মহাপরিচালক- ৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৯) জেলা প্রশাসক (সকল)।
- ১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩) মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪) প্রধানমন্ত্রীর সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৫) সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
- ১৬) সভাপতি, বিকেএমইএ/বিটিএমই, ঢাকা।
- ১৭) যুগ্মমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৮) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



৭-৬-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)